

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর : ১২৪৪/২৪

তারিখ : ০১ জানুয়ারি ২০২৪
১৭ পৌষ ১৪৩০

সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এণ্ড সিইও ও সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারি মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/ বিভাগীয় কার্যালয়/ স্টাফ কলেজ
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/ সকল এরিয়া অফিস/ সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানি।

বিষয় : “জনতা ব্যাংক স্মার্ট একাউন্ট” প্রসঙ্গে।

মহোদয়,

কোভিড-১৯ পরবর্তী বৈশ্বিক আর্থিক বিপর্যয় এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে বিশ্বব্যাপি অর্থনৈতিক মন্দার প্রভাব হতে উত্তরণের নিমিত্ত জনতা ব্যাংক কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক নির্দেশ বিজ্ঞপ্তি : ১২০৫/২৩ অনুসারে “১০১ দিনের বিশেষ কর্মপরিকল্পনা-২০২৩” এর আওতায় আমানত সংগ্রহের বিশেষ কর্মসূচি পালন উপলক্ষে প্রডাক্ট প্রণয়ন ও বাজারজাতকরণে সিদ্ধান্ত গৃহীত হয়। তদ্ব্যবস্থিতে অত্র ডিপার্টমেন্ট হতে “জনতা ব্যাংক স্মার্ট একাউন্ট” নামে একটি নতুন স্কিম এর রূপরেখা প্রণয়ন করা হয়েছে। বাজারে বর্তমানে বহুল প্রচলিত প্রতি মাসে নির্দিষ্ট পরিমাণ অর্থ জমা দেওয়ার পরিবর্তে ব্যতিক্রমধর্মী এই উদ্যোগের ডিপোজিট স্কীমে গ্রাহক যেকোন সময় যেকোন পরিমাণ অর্থ জমা দিতে পারবে। এতে সাধারণ মানুষের দীর্ঘমেয়াদী পরিকল্পনা (যেমন : সন্তানের উচ্চ শিক্ষা ও বিবাহ, সূচিকিৎসা, অনাকাঙ্ক্ষিত ও আপদকালীন পরিস্থিতি মোকাবিলা ইত্যাদি) সফল হবে। এছাড়া বিশেষ প্রয়োজনে গ্রাহক তার হিসাবের স্থিতির বিপরীতে নির্দিষ্ট পরিমাণ অর্থ ঋণ সুবিধা হিসেবে গ্রহণ করতে পারবেন। এককথায় বর্ণিত স্কিমের আওতায় একটি হিসাব খুলে একগুচ্ছ ব্যাংকিং সুবিধা প্রাপ্তির সুযোগ রয়েছে।

এমতাবস্থায়, সামগ্রিক বিষয়াবলী বিবেচনায় ০৫/১২/২০২৩ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৯৬ তম সভার সিদ্ধান্তক্রমে স্কিম হিসাবটি চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এ হিসাবের বিশেষ সুবিধা:

- দৈনিক ভিত্তিতে সুদ হিসাবায়ন;
- স্থায়ী আমানত হতে অধিক মুনাফা অর্জনের সুযোগ;
- পরিবর্তনশীল (Floating) সুদ হার;
- মেয়াদ অতিরিক্ত সময়ের জন্যও সুদ প্রাপ্তির সুবিধা;
- যেকোন পরিমাণ টাকা জমা রাখার সুযোগ;
- সংশ্লিষ্ট মেয়াদে যেকোন দিন (কর্মদিবসে) টাকা জমা দেয়ার সুযোগ;
- মাসের যেকোন তারিখ (কর্মদিবসে) এ স্কিমের আওতায় হিসাব খোলা যাবে;
- জমাকৃত আমানতের বিপরীতে ঋণ সুবিধা গ্রহণের সুযোগ;
- On Line ব্যাংকিং এর আওতায় অত্র ব্যাংকের যেকোন শাখা হতে টাকা জমা দেওয়া যাবে;
- ত্রৈমাসিক ভিত্তিতে বিনা খরচে যেকোন শাখা হতে হিসাব বিবরণী প্রদান।

১.০ স্কিম/ হিসাবের নাম : “জনতা ব্যাংক স্মার্ট একাউন্ট (জেবিএসএ) বা Janata Bank Smart Account (JBSA)”।

১.১ হিসাবের মেয়াদকাল : ৩ (তিন), ৫ (পাঁচ), ৭ (সাত) ও ১০ (দশ) বছর মেয়াদী।

২.০ সুদের হার : (ক) ০৩ (তিন) বছরের ক্ষেত্রে ০৩ (তিন) মাস মেয়াদি স্থায়ী আমানতের ওপর ঘোষিত সুদহার (ব্যক্তিক) অপেক্ষা ০.৫০% বেশি;
(খ) ০৫ (পাঁচ) বছরের ক্ষেত্রে ০৩ (তিন) মাস মেয়াদি স্থায়ী আমানতের ওপর ঘোষিত সুদহার (ব্যক্তিক) অপেক্ষা ০.৫৫% বেশি;
(গ) ০৭ (সাত) বছরের ক্ষেত্রে ০৩ (তিন) মাস মেয়াদি স্থায়ী আমানতের ওপর ঘোষিত সুদহার (ব্যক্তিক) অপেক্ষা ০.৬০% বেশি;
(ঘ) ১০ (দশ) বছরের ক্ষেত্রে ০৩ (তিন) মাস মেয়াদি স্থায়ী আমানতের ওপর ঘোষিত সুদহার (ব্যক্তিক) অপেক্ষা ০.৬৫% বেশি (পরিবর্তনশীল)।

৩.০ হিসাব খোলার যোগ্যতা :

- আঠার বছর বা তদুর্ধ্ব বয়স্ক সুস্থ মস্তিষ্ক সম্পন্ন বাংলাদেশী নাগরিক নিজ নামে হিসাব খুলতে পারবেন;
- নাবালক সন্তানের নামে পিতা/মাতা বা উভয়ই অথবা অভিভাবকের পরিচালনায় নির্দিষ্ট নিয়ম পরিপালন করে হিসাব খোলা যাবে;
- যৌথ ও প্রতিষ্ঠানের নামে এ প্রকল্পের আওতায় স্কিম হিসাব খোলা যাবে না।

৪.০ হিসাব খোলার পদ্ধতি ও নিয়মাবলি :

৪.১ প্রতি মাসের যেকোন তারিখে জনতা ব্যাংক পিএলসি. এর যেকোন শাখায় নিম্নলিখিত নিয়মাচার পরিপালন সাপেক্ষে বর্ণিত স্কিমের আওতায় হিসাব খোলা যাবে :

- (ক) জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট এবং নাবালকের নামে হিসাব খোলার ক্ষেত্রে জন্ম নিবন্ধন এর ফটোকপি;
- (খ) হিসাবধারীর সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি ;
- (গ) নমিনির ১ (এক) কপি ছবি (হিসাবধারী কর্তৃক সত্যায়িত) এবং জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট এর ফটোকপি। নমিনি নাবালক হলে জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি ;
- (ঘ) সকল দলিলের ফটোকপি অত্র ব্যাংকের সিনিয়র অফিসার ও তদুর্ধ্ব কর্মকর্তা অথবা শাখা ব্যবস্থাপক কর্তৃক সত্যায়িত হতে হবে;
- (ঙ) নাবালকের নামে এই প্রকল্পের আওতায় হিসাব খোলা হলে নাবালকের বয়স ১৮ বছর পূর্ণ হবার পূর্ব পর্যন্ত নাবালকের পক্ষে পিতা/ মাতা অথবা আইনানুগ অভিভাবকের মাধ্যমে হিসাবটি পরিচালিত হবে। তবে,
- ✓ নাবালক প্রাপ্তবয়স্ক/ সাবালক হলে অর্থাৎ ১৮ বছর পূর্ণ হলে পিতা/ মাতা বা উভয়ই অথবা আইনানুগ অভিভাবকের লিখিত অনুমতিসহ নাবালকের নিজ নামে হিসাবটি ট্রান্সফার করা যাবে;

বিষয় : “জনতা ব্যাংক স্মার্ট একাউন্ট” প্রসঙ্গে।

পূর্ববর্তী পৃষ্ঠার পর হতে:

✓ পিতা/ মাতা অথবা আইনানুগ অভিভাবকের লিখিত অনুমতি সাপেক্ষে হিসাবটি মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন বা মেয়াদপূর্তিতে প্রাপ্য টাকা নাবালকের নিজ নামীয় হিসাবে (চলতি/ সঞ্চয়ী) জমা করা যাবে।

৪.২ একই ব্যক্তির নামে এ স্কীম হিসাবের আওতায় একাধিক হিসাব খোলা যাবে। তবে একই নাবালকের নামে একাধিক হিসাব খোলা যাবে না।

৫.০ প্রাথমিক জমা ও জমাদান পদ্ধতি :

৫.১ প্রাথমিক জমা ২০০০.০০ (দুই হাজার) টাকা;

৫.২ স্কীম হিসাব খোলার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশিত (এফ.ডি.আর ও বিশেষ স্কীম) হিসাব খোলার ফরম ব্যবহৃত হবে এবং হিসাব খোলার ফরমের TP (Transaction Profile) এর জমার বিবরণ অবশ্যই পূরণ করতে হবে। তবে স্কীম হিসাবে যেকোন সময় যেকোন পরিমাণ টাকা জমার ক্ষেত্রে গ্রাহককে অবশ্যই TP (Transaction Profile) অনুসরণ করতে হবে।

৬.০ নমিনির মনোনয়ন :

৬.১ হিসাবধারী তার হিসাবে নমিনি নিযুক্ত করবেন এবং যেকোন সময় লিখিত আবেদনের মাধ্যমে নমিনি পরিবর্তন করতে পারবেন;

৬.২ নাবালকের হিসাবে নমিনি হবে তার পিতা/ মাতা। তবে পিতা/মাতা না থাকলে আইনানুগ অভিভাবককে নমিনি করা যাবে।

৭.০ প্রভিশন সংরক্ষণ এবং মুনাফা প্রদান :

স্কীম হিসাবে দিন শেষের স্থিতির ওপর মুনাফা দৈনিক ভিত্তিতে (ক) ০৩ (তিন) বছরের ক্ষেত্রে ০৩ (তিন) মাস মেয়াদি স্থায়ী আমানতের ওপর ঘোষিত সুদহার (ব্যক্তিক) অপেক্ষা ০.৫০% বেশি, (খ) ০৫ (পাঁচ) বছরের ক্ষেত্রে ০৩ (তিন) মাস মেয়াদি স্থায়ী আমানতের ওপর ঘোষিত সুদহার (ব্যক্তিক) অপেক্ষা ০.৫৫% বেশি, (গ) ০৭ (সাত) বছরের ক্ষেত্রে ০৩ (তিন) মাস মেয়াদি স্থায়ী আমানতের ওপর ঘোষিত সুদহার (ব্যক্তিক) অপেক্ষা ০.৬০% বেশি এবং (ঘ) ১০ (দশ) বছরের ক্ষেত্রে ০৩ (তিন) মাস মেয়াদি স্থায়ী আমানতের ওপর ঘোষিত সুদহার (ব্যক্তিক) অপেক্ষা ০.৬৫% বেশি হারে মুনাফা হিসাবায়নপূর্বক যথাযথভাবে প্রদেয় মুনাফার প্রভিশন (Provision) সংরক্ষণ করা হবে এবং ত্রৈমাসিকভিত্তিতে (মার্চ, জুন, সেপ্টেম্বর ও ডিসেম্বর ত্রৈমাসিকে) সংরক্ষিত প্রভিশন (Provision) খাত বিকলন করে মুনাফা গ্রাহকের স্কীম হিসাবে সরাসরি জমা করা হবে যা পরবর্তী ত্রৈমাসিকের ১ম দিন হতে আসল (Capitalized) হিসেবে বিবেচিত হবে।

৮.০ হিসাববন্ধকরণ :

গ্রাহক চাইলে যেকোন সময় শাখা প্রধান বরাবর লিখিত আবেদন করে মেয়াদপূর্তির পূর্বে স্কীম হিসাবটি বন্ধ/ নগদায়ন করতে পারবেন। হিসাব খোলার ০১ (এক) বছরের মধ্যে গ্রাহক হিসাব বন্ধ করতে চাইলে কোন রকম মুনাফা প্রাপ্য হবেন না। হিসাববন্ধকরণ এর ক্ষেত্রে Closing Fee কর্তন করা যাবে না। তবে হিসাববন্ধকরণ সংক্রান্ত ব্যাংক ও সরকারি প্রচলিত নিয়মাবলী প্রযোজ্য হবে। বিভিন্ন মেয়াদে খোলা হিসাব মেয়াদপূর্তির পূর্বে বন্ধ/ নগদায়ন করতে হলে যে হারে সুদ/ মুনাফা প্রাপ্য হবে তা কতিপয় উদাহরণ দিয়ে নিম্নে উল্লেখ করা হলো :-

(ক) একজন গ্রাহক তিন (০৩) বছর মেয়াদী খোলা স্কীম হিসাবের ক্ষেত্রে এক (০১) বছর পূর্ণ হওয়ার পর মেয়াদপূর্তির পূর্বে অর্থাৎ তিন (০৩) বছর পূর্ণ হওয়ার পূর্বে হিসাব বন্ধ/ নগদায়ন করলে সঞ্চয়ী হিসাবে প্রচলিত সুদহারে মুনাফা প্রদান করা হবে;

(খ) আবার একজন গ্রাহক পাঁচ (০৫) বছর মেয়াদে হিসাব খুলে মেয়াদপূর্তির পূর্বে অর্থাৎ ৪ বছর ৫ মাস পরে স্কীম হিসাবটি বন্ধ/ নগদায়ন করতে চাইলে এই স্কীমের পূর্ববর্তী মেয়াদ ৩ বছরের জন্য প্রযোজ্য পূর্ণ সুদ (২ নং ক্রমিকে উল্লেখিত সংশ্লিষ্ট মেয়াদের জন্য প্রযোজ্য সুদহার) এবং অবশিষ্ট ১ বছর ৫ মাসের জন্য সঞ্চয়ী হিসাবে প্রচলিত সুদহারে মুনাফা প্রাপ্য হবেন। উল্লেখ্য, স্কীম হিসাবে ইতোপূর্বে ধার্যকৃত অতিরিক্ত সুদ কর্তনপূর্বক Interest on JBSA খাতের সাথে সমন্বয় করতে হবে;

(গ) আবার একজন গ্রাহক ০৭ বছরের মেয়াদে হিসাব খুলে মেয়াদপূর্তির পূর্বে অর্থাৎ ৫ বছর ১১ মাস পরে স্কীম হিসাবটি বন্ধ/ নগদায়ন করতে চাইলে এই স্কীমের পূর্ববর্তী মেয়াদ ৫ বছরের জন্য প্রযোজ্য পূর্ণ সুদ (২ নং ক্রমিকে উল্লেখিত সংশ্লিষ্ট মেয়াদের জন্য প্রযোজ্য সুদহার) এবং অবশিষ্ট ১১ মাসের জন্য সঞ্চয়ী হিসাবে প্রচলিত সুদহারে মুনাফা প্রাপ্য হবেন। আবার ৪ বছর ২ মাস পরে স্কীম হিসাবটি বন্ধ/ নগদায়ন করতে চাইলে এই স্কীমের পূর্ববর্তী মেয়াদ ৩ বছরের জন্য প্রযোজ্য পূর্ণ সুদ (২ নং ক্রমিকে উল্লেখিত সংশ্লিষ্ট মেয়াদের জন্য প্রযোজ্য সুদহার) এবং অবশিষ্ট ১ বছর ২ মাসের জন্য সঞ্চয়ী হিসাবে প্রচলিত সুদহারে মুনাফা প্রাপ্য হবেন। উল্লেখ্য, স্কীম হিসাবে ইতোপূর্বে ধার্যকৃত অতিরিক্ত সুদ কর্তনপূর্বক Interest on JBSA খাতের সাথে সমন্বয় করতে হবে;

(ঘ) আবার একজন গ্রাহক ১০ বছরের মেয়াদে হিসাব খুলে মেয়াদপূর্তির পূর্বে অর্থাৎ ৮ বছর ৩ মাস পরে স্কীম হিসাবটি বন্ধ/ নগদায়ন করতে চাইলে এই স্কীমের পূর্ববর্তী মেয়াদ ৭ বছরের জন্য প্রযোজ্য পূর্ণ সুদ (২ নং ক্রমিকে উল্লেখিত সংশ্লিষ্ট মেয়াদের জন্য প্রযোজ্য সুদহার) এবং অবশিষ্ট ১ বছর ৩ মাসের জন্য সঞ্চয়ী হিসাবে প্রচলিত সুদহারে মুনাফা প্রাপ্য হবেন। আবার একই মেয়াদে একজন ৪ বছর ৩ মাস পরে স্কীম হিসাবটি বন্ধ/ নগদায়ন করতে চাইলে এই স্কীমের পূর্ববর্তী মেয়াদ ৩ বছরের জন্য পূর্ণ সুদ (২ নং ক্রমিকে উল্লেখিত সংশ্লিষ্ট মেয়াদের জন্য প্রযোজ্য সুদহার) এবং অবশিষ্ট ১ বছর ৩ মাসের জন্য সঞ্চয়ী হিসাবের ন্যায় সুদহারে মুনাফা প্রাপ্য হবেন। উল্লেখ্য, স্কীম হিসাবে ইতোপূর্বে ধার্যকৃত অতিরিক্ত সুদ কর্তনপূর্বক Interest on JBSA খাতের সাথে সমন্বয় করতে হবে।

এছাড়া এই স্কীমের আওতায় যেকোন মেয়াদে খোলা অর্থাৎ ৩ (তিন), ৫ (পাঁচ), ৭ (সাত) ও দশ (১০) বছর মেয়াদপূর্তির পর স্কীম হিসাবটি নগদায়ন করা না হলে পরবর্তী সময়ের জন্য সর্বশেষ স্থিতি ওপর সর্বোচ্চ ০১ (এক) বছর সময় পর্যন্ত প্রচলিত সঞ্চয়ী হিসাবের সুদের হার প্রযোজ্য হবে।

৯.০ মেয়াদ উত্তীর্ণের আগে হিসাবধারীর মৃত্যু হলে :

৯.১ হিসাবধারীর মৃত্যু হলে স্কীম হিসাবটি বন্ধ হবে এবং উক্ত হিসাবের বিপরীতে যদি কোন ঋণ থাকে তা সমন্বয় করতে হবে। তবে স্কীম হিসাবে হিসাবধারীর মৃত্যুর তারিখ পর্যন্ত স্কীমে বর্ণিত অনুচ্ছেদ ২ এ উল্লেখিত সুদহারে (আসল+সুদ) সকল কর্তনপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদেয় হবে। অর্থাৎ হিসাবধারীর মৃত্যু হলে মৃত্যুর তারিখে হিসাব বন্ধ করার ক্ষেত্রে উক্ত তারিখ মেয়াদপূর্তির পূর্বে হলেও তার হিসাবে জমাকৃত (অনুচ্ছেদ-২ অনুযায়ী) সমুদয় অর্থ প্রাপ্য হবে। এখানে ৮ নং অনুচ্ছেদ প্রযোজ্য হবে না। এক্ষেত্রে স্কীম হিসাবের সমুদয় অর্থ গ্রহণের জন্য নমিনির নামে অত্র ব্যাংকে যদি কোন চলতি/ সঞ্চয়ী হিসাব না থাকে সেক্ষেত্রে নমিনিকে নিজ নামে চলতি/ সঞ্চয়ী হিসাব খুলতে হবে;

৯.২ হিসাবধারীর মৃত্যুর পর নমিনি ইচ্ছে করলে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাবটি পরিচালনা করতে পারবেন। তবে সেক্ষেত্রে :

- স্কীম হিসাবধারী ব্যক্তির স্বামী/ স্ত্রী/ সন্তান নমিনি হলেই কেবলমাত্র এ বিশেষ সুবিধা প্রাপ্য হবেন;
- উক্ত স্কীম হিসাবের বিপরীতে ঋণ থাকলে এ সুবিধা প্রযোজ্য হবে না।

এ সুবিধা গ্রহণের জন্য নমিনির লিখিত আবেদনসহ যথাশীঘ্র সম্ভব ৯.৪ অনুচ্ছেদ বর্ণিত সকল কাগজপত্র গ্রহণ করতে হবে। শাখা কর্তৃক সকল কাগজপত্রাদির সঠিকতা নিশ্চিতকরণপূর্বক স্কীম হিসাবটি মেয়াদপূর্তি পর্যন্ত চালু রাখা যাবে। উল্লেখ্য, হিসাবধারীর মৃত্যুর তারিখ হতে সমন্বয় হওয়া পর্যন্ত স্কীম হিসাবে এ সময়ের জন্য অনুচ্ছেদ ২.০ এর ন্যায় সুদ প্রদান করা যাবে।

৯.৩ হিসাবধারীর মৃত্যু হলে নমিনি কর্তৃক শাখাকে বিষয়টি যথাশীঘ্র অবহিত করতে হবে;

বিষয় : “জনতা ব্যাংক স্মার্ট একাউন্ট” প্রসঙ্গে।

পূর্ববর্তী পৃষ্ঠার পর হতে:

৯.৪ নমিনিকে হিসাব হতে পাওনা পরিশোধের ক্ষেত্রে নিম্নোক্ত তথ্য দলিলাদি উপস্থাপন করতে হবে :

- নমিনি/ আইনানুগ অভিভাবকের (নাবালক/ নাবালিকার ক্ষেত্রে) আবেদনপত্র;
- উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হিসাবধারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র অথবা মৃত্যু নিবন্ধনের প্রমাণক;
- নমিনি/ আইনানুগ অভিভাবকের (নাবালক/ নাবালিকার ক্ষেত্রে) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
- নমিনি/ আইনানুগ অভিভাবকের (নাবালক/ নাবালিকার ক্ষেত্রে) জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি;
- ভবিষ্যতে কোন জটিলতা বা সমস্যার উদ্ভব হলে তা সমাধানের জন্য নমিনি/ আইনানুগ অভিভাবক (নাবালক/ নাবালিকার ক্ষেত্রে) কর্তৃক ব্যাংকের অনুকূলে ইনডেমনিটি বন্ড সম্পাদন;
- নমিনির পরিচয় যাচাইয়ের জন্য ছবি ও স্বাক্ষর সত্যায়নপূর্বক স্থানীয় চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

১০.০ হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান:

হিসাবধারী নিজস্ব প্রয়োজনে নিজ হিসাবের স্থিতি লিয়েনপূর্বক নিম্নবর্ণিত শর্তে ঋণ গ্রহণ করতে পারবেন :

১	সংশ্লিষ্ট হিসাবের মেয়াদকাল	স্কীম হিসাবের মেয়াদকাল কমপক্ষে ০১ (এক) বছর পূর্ণ হতে হবে।
২	ঋণের প্রকৃতি	লোন জেনারেল/ সিকিউরিড ওভার ড্রাফট (এসওডি)।
৩	ঋণসীমা	স্কীম হিসাবে জমাকৃত অর্থের সর্বোচ্চ ৭৫%।
৪	ঋণের সময়কাল	লোন জেনারেল ২ (দুই) বছর, সিকিউরিড ওভার ড্রাফট (এসওডি) ১২ (বার) মাস। তবে লোন জেনারেল/ ওভার ড্রাফটের মেয়াদ কোনক্রমেই সংশ্লিষ্ট স্কীম হিসাবের মেয়াদপূর্তির পর নির্ধারণ করা যাবে না। অর্থাৎ সংশ্লিষ্ট স্কীম হিসাবের মেয়াদপূর্তির সাথে সামঞ্জস্য রেখে ঋণ হিসাবের মেয়াদ নির্ধারণ করতে হবে। ঋণ হিসাবের স্থিতি (সুদ+আসল) কোনক্রমেই স্কীম হিসাবের স্থিতি অতিক্রম করতে পারবে না।
৫	মঞ্জুরী ক্ষমতা	অত্র ব্যাংকের ঋণ মঞ্জুরী ক্ষমতাবিধি অনুযায়ী।
৬	ঋণের সুদের হার	সংশ্লিষ্ট স্কীম হিসাবে প্রদত্ত সুদহার + ৩% (পরিবর্তনশীল)। অর্থাৎ ব্যাংক কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত সার্কুলার ও বিধি বিধান অনুসরণযোগ্য।
৭	পরিশোধ পদ্ধতি :	ক লোন জেনারেল এর ক্ষেত্রে : লোন জেনারেলের ক্ষেত্রে নির্ধারিত কিস্তির ভিত্তিতে আদায়যোগ্য। খ ওভার ড্রাফট এর ক্ষেত্রে : ওভার ড্রাফট এর ক্ষেত্রে ওভার ড্রাফট এর নিয়মাবলি প্রযোজ্য হবে।
৮	প্রয়োজনীয় কাগজপত্র	গ্রাহকের আবেদনপত্র, ক্ষমতা অর্পণপত্র ও প্রয়োজনীয় চার্জ ডকুমেন্টস।
৯	স্বীকৃতি/ অঙ্গীকারনামা	সকল শর্ত উল্লেখপূর্বক ঋণ বিতরণের পূর্বে ঋণ গ্রহীতার লিখিত স্বীকৃতি গ্রহণ করতে হবে।
১০	অন্যান্য	(ক) নাবালকের হিসাবে কোন ঋণ সুবিধা প্রদান করা যাবে না; (খ) লোন জেনারেল এর ক্ষেত্রে ঋণটি SMA হওয়ার পরপরই আমানতকারীকে অবহিত করতে হবে। গ্রাহক ১৫ দিনের মধ্যে ঋণ হিসাবের বকেয়া জমা না করলে শাখা কর্তৃক পরবর্তী ১০ দিনের মধ্যে স্কীম হিসাবটির সমুদয় অর্থ দ্বারা ঋণ হিসাবটি সমন্বয়পূর্বক অবশিষ্ট অর্থ (যদি থাকে) গ্রাহকের সঞ্চয়ী/ চলতি হিসাবে জমা করবে।

১১.০ হিসাব খোলা ও পরিচালনার নিয়মাবলি:

- আলোচ্য (জেবিএসএ) সঞ্চয় প্রকল্পের হিসাব খোলার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্দেশিত (এফ.ডি.আর ও বিশেষ স্কীম) হিসাব খোলার ফরম ব্যবহৃত হবে অথবা বাংলাদেশ ব্যাংক বা অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত সমসাময়িক বিধিমালা/ সার্কুলার অনুসৃত হবে;
- জেনারেল লেজারের ডিপোজিট স্কীম এর অধীন “জনতা ব্যাংক স্মার্ট একাউন্ট (জেবিএসএ) বা Janata Bank Smart Account (JBSA)” নামে একটি, সুদ ব্যয়ের অধীন Interest on JBSA এবং অন্যান্য দায়ের অধীন Interest Payable on JBSA নামীয় অপর একটি হিসাবসহ মোট ৩টি হিসাব খুলতে হবে (সংশ্লিষ্ট বিষয়টি এ্যাকাউন্টস ডিপার্টমেন্ট ও ICTD-Operation কর্তৃক সম্পন্ন করতে হবে);
- এই স্কীমের ক্ষেত্রে দৈনিক ভিত্তিতে সুদ হিসাবায়ন করে শাখার Interest on JBSA বিকলনপূর্বক (ডেবিট) Interest Payable on JBSA সুদ হিসাবে জমা (ক্রেডিট) করতে হবে। ত্রৈমাসিক এ (মার্চ, জুন, সেপ্টেম্বর, ডিসেম্বর) Interest Payable on JBSA বিকলনপূর্বক (ডেবিট) Janata Bank Smart Account জমা (ক্রেডিট) করতে হবে। ত্রৈমাসিক শেষে (মার্চ, জুন, সেপ্টেম্বর, ডিসেম্বর) Interest Payable on JBSA হিসাবে কোন স্থিতি (Balance) থাকতে পারবে না;
- হিসাব বন্ধের ক্ষেত্রে হিসাবে প্রদত্ত অতিরিক্ত মুনাফার টাকা Interest on JBSA খাতের সাথে সমন্বয় করতে হবে।

১২.০ অন্যান্য শর্তাবলী :

- এ হিসাবের বিপরীতে কোন চেকবই প্রদান করা হবে না;
- স্কীম হিসাব খোলার ফরমে হিসাব খোলার তারিখ, মেয়াদকালসহ অন্যান্য বিষয়ে কোনরূপ কাটাকাটি/ ঘষা-মাজা/ উপরিলিখন/ পরিবর্তন কিংবা পরিমার্জন কোনভাবেই গ্রহণযোগ্য নয়। এ কারণে কোন সমস্যার সনুখীন হলে শাখা প্রধান এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর ওপর দায়ভার বর্তাবে;
- হিসাব খোলা ও পরিচালনার নিয়মাবলি/ নীতিমালা (“পরিশিষ্ট-ক” মোতাবেক) সরবরাহ করতে হবে যা হিসাবধারী পাঠ করে সম্মতি প্রদানপূর্বক স্বাক্ষর করবেন। উল্লেখ্য হিসাবধারী কর্তৃক স্বাক্ষরিত কপি শাখায় Account Opening Application Form এর সাথে সংরক্ষণ করতে হবে এবং এক কপি হিসাবধারীকে প্রদান করতে হবে;
- হিসাব খোলার ফরম এ গ্রাহকের পরিবারের এক বা একাধিক সদস্য/ আপনজনের স্থায়ী/ বর্তমান পূর্ণ ঠিকানা, যোগাযোগের জন্য মোবাইল নম্বর নিশ্চিত হয়ে সংরক্ষণ করতে হবে;
- স্কীমটির বিপরীতে ব্যাংক কর্তৃক জারীকৃত নির্দেশ বিজ্ঞপ্তি অনুসারে প্রযোজ্য হারে Account Maintenance Fee (AMF), SMS Charge- সহ ব্যাংক কর্তৃক বর্তমানে প্রচলিত এবং ভবিষ্যতে প্রবর্তিত বিভিন্ন চার্জ প্রযোজ্য হবে;
- বাংলাদেশ সরকার কর্তৃক বর্তমান উৎসে কর, আবগারি শুল্কসহ অন্যান্য আদায়যোগ্য সরকারি পাওনা কর্তন করা হবে এবং এর ধাপ/ হার পরিবর্তন হলে পরিবর্তিত ধাপ/ হার অনুযায়ী তা আদায়যোগ্য হবে;
- আলোচ্য স্কীম এর সার্কুলারের প্রাসঙ্গিক সকল বিষয়ে বাংলাদেশ সরকার, বাংলাদেশ ব্যাংক এবং অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত সমসাময়িক সার্কুলার/ বিধিমালা/ প্রণীত নীতিমালা অনুসৃত হবে।

বিষয় : “জনতা ব্যাংক স্মার্ট একাউন্ট” প্রসঙ্গে।

পূর্ববর্তী পৃষ্ঠার পর হতে:

১৩.০ হিসাবের প্রতিবেদন :


অত্র ব্যাংকের আইটি বিভাগ কর্তৃক এই হিসাবের বিপরীতে হিসাব খোলার বিবরণী সংগ্রহ করার ক্ষেত্রে রিপোর্টিং সিস্টেম উদ্ভাবন করা হবে। স্ব স্ব নিয়ন্ত্রণকারী অফিস/ কার্যালয় যথাযথভাবে এ সংক্রান্ত ডাটা এন্ট্রি করবে। কর্তৃপক্ষ চাহিদা মোতাবেক রিপোর্টিং সিস্টেম হতে এতদ্বিষয়ে বিবরণী সংগ্রহ করবে।

১৪.০ অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর যদি হিসাব খোলা, হিসাবে সুদারোপ, হিসাব বন্ধকরণ এবং এছাড়াও বিজ্ঞপ্তির অন্য যেকোন সমস্যা বা জটিলতার উদ্ভব হয় সেক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সম্মানিত পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত “জনতা ব্যাংক স্মার্ট একাউন্ট” শীর্ষক প্রকল্পের আওতায় হিসাব খোলার কার্যক্রম আগামী ১৫ জানুয়ারি ২০২৪ তারিখ হতে শুরু করা হবে এবং কর্তৃপক্ষ কর্তৃক পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত চালু থাকবে।

এমতাবস্থায়, “জনতা ব্যাংক স্মার্ট একাউন্ট” স্কীম হিসাবটির উপরিউক্ত নীতিমালার আলোকে মাঠ পর্যায়ে প্রচার প্রচারণা কার্যক্রম পরিচালনা এবং অধিক সংখ্যক হিসাব খোলার মাধ্যমে আমানত বৃদ্ধি বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল পর্যায়ের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীদের পরামর্শ প্রদান করা হলো।


আপনার বিশ্বস্ত,


০১-০১-২৪

মোঃ আবদুস সোবহান মিয়া

উপ-মহাব্যবস্থাপক




০১.০১.২০২৪
প্রতিভা রানী সরকার
মহাব্যবস্থাপক

বিষয় : “জনতা ব্যাংক স্মার্ট একাউন্ট” হিসাব পরিচালনা সংক্রান্ত হিসাবধারীকে জ্ঞাতব্য নিয়মাবলি।

১.০ হিসাব খোলা :

১.১ সঠিকভাবে KYC এবং TP পূরণ করে স্কীম হিসাবটি খুলতে হবে।

১.২ এ হিসাবের বিপরীতে কোন চেকবই প্রদান করা হবে না।

২.০ এ হিসাবের বিশেষ সুবিধা:

- দৈনিক ভিত্তিতে সুদ হিসাবায়ন;
- স্থায়ী আমানত হতে অধিক মুনাফা অর্জনের সুযোগ;
- পরিবর্তনশীল (Floating) সুদ হার;
- মেয়াদ অতিরিক্ত সময়ের জন্যও সুদ প্রাপ্তির সুবিধা;
- যেকোন পরিমাণ টাকা জমা রাখার সুযোগ;
- সংশ্লিষ্ট মেয়াদে যেকোন দিন (কর্মদিবসে) টাকা জমা দেয়ার সুযোগ;
- মাসের যেকোন তারিখ (কর্মদিবসে) এ স্কীমের আওতায় হিসাব খোলা যাবে;
- জমাকৃত আমানতের বিপরীতে ঋণ সুবিধা গ্রহণের সুযোগ;
- On Line ব্যাংকিং এর আওতায় অত্র ব্যাংকের যেকোন শাখা হতে টাকা জমা দেওয়া যাবে;
- ত্রৈমাসিক ভিত্তিতে বিনা খরচে যেকোন শাখা হতে হিসাব বিবরণী প্রদান।

৩.০ সুদের হার : (ক) ০৩ (তিন) বছরের ক্ষেত্রে ০৩ (তিন) মাস মেয়াদি স্থায়ী আমানতের ওপর ঘোষিত সুদহার (ব্যক্তিক) অপেক্ষা ০.৫০% বেশি; (খ) ০৫ (পাঁচ) বছরের ক্ষেত্রে ০৩ (তিন) মাস মেয়াদি স্থায়ী আমানতের ওপর ঘোষিত সুদহার (ব্যক্তিক) অপেক্ষা ০.৫৫% বেশি; (গ) ০৭ (সাত) বছরের ক্ষেত্রে ০৩ (তিন) মাস মেয়াদি স্থায়ী আমানতের ওপর ঘোষিত সুদহার (ব্যক্তিক) অপেক্ষা ০.৬০% বেশি; (ঘ) ১০ (দশ) বছরের ক্ষেত্রে ০৩ (তিন) মাস মেয়াদি স্থায়ী আমানতের ওপর ঘোষিত সুদহার (ব্যক্তিক) অপেক্ষা ০.৬৫% বেশি (পরিবর্তনশীল)।

৪.০ হিসাবের মেয়াদকাল : ৩ (তিন), ৫ (পাঁচ), ৭ (সাত) ও ১০ (দশ) বছর মেয়াদী।

৫.০ জমাদান পদ্ধতি : প্রাথমিক সর্বনিম্ন জমা ২,০০০.০০ (দুই হাজার) টাকা। তবে গ্রাহক মাসিকভিত্তিতে যে পরিমাণ কিস্তি জমা দিবে প্রাথমিক জমা হিসেবে ন্যূনতম সে পরিমাণ টাকা জমা দিতে হবে। গ্রাহক চাইলে প্রাথমিক জমা হিসেবে এর থেকেও বেশি টাকা জমা করতে পারবেন। আলোচ্য স্কীমের আওতায় হিসাব খোলার ফরমে কিস্তির পরিমাণ, কিস্তির ফ্রিকোয়েন্সি ও কিস্তির সংখ্যা সুনির্দিষ্টভাবে লিখতে হবে। তবে হিসাব খোলার ফরমে কিস্তির পরিমাণ যাই উল্লেখ থাকুক না কেন কিস্তি জমা দেয়ার সময় এর চেয়ে কম বা বেশি জমা করতে পারবেন। এছাড়াও হিসাব খোলার ফরমে কিস্তির ফ্রিকোয়েন্সি মাসিক লেখা থাকলেও আমানতকারী ইচ্ছা করলে প্রতিমাসে একাধিকবার কিস্তি জমা দিতে পারবে এবং মোট কিস্তির সংখ্যা হিসাব খোলার ফরমে উল্লিখিত সংখ্যার চেয়ে কম/ বেশি হতে পারবে। অর্থাৎ একজন আমানতকারী ফরমে সুনির্দিষ্টভাবে কিস্তির পরিমাণ, কিস্তির ফ্রিকোয়েন্সি ও কিস্তির সংখ্যা যাই লিখুক না কেন টাকা জমা দেয়ার সময় স্বাধীনভাবে জমা দিতে পারবেন এবং যে পরিমাণ টাকা জমা দিবেন উক্ত টাকাসহ হিসাবে মোট স্থিতির ওপর দৈনিকভিত্তিতে ৩ নং ক্রমিকে উল্লিখিত হারে সুদ/ মুনাফা প্রাপ্য হবেন।

৬.০ একই ব্যক্তির নামে এ স্কীম হিসাবের আওতায় একাধিক হিসাব খোলা যাবে। তবে একই নাবালকের নামে একাধিক হিসাব খোলা যাবে না।

৭.০ মেয়াদপূর্তিতে পরিশোধ পদ্ধতি : আলোচ্য স্কীমের আওতায় খোলা হিসাবের মেয়াদপূর্তিতে গ্রাহকের একই শিরোনামে খোলা সঞ্চয়ী/ চলতি হিসেবে সুদ/ মুনাফাসহ সমুদয় অর্থ প্রদান করা হবে।

৮.০ হিসাববন্ধকরণ :

গ্রাহক চাইলে যেকোন সময় শাখা প্রধান বরাবর লিখিত আবেদন করে মেয়াদপূর্তির পূর্বে স্কীম হিসাবটি বন্ধ/ নগদায়ন করতে পারবেন। হিসাব খোলার ০১ (এক) বছরের মধ্যে গ্রাহক হিসাব বন্ধ করতে চাইলে কোন রকম মুনাফা প্রাপ্য হবেন না। হিসাববন্ধকরণ এর ক্ষেত্রে Closing Fee কর্তন করা হবে না। তবে হিসাববন্ধকরণ সংক্রান্ত ব্যাংক ও সরকারি প্রচলিত নিয়মাবলী প্রযোজ্য হবে। বিভিন্ন মেয়াদে খোলা হিসাব মেয়াদপূর্তির পূর্বে বন্ধ/ নগদায়ন করতে চাইলে যে হারে সুদ/ মুনাফা প্রাপ্য হবেন তা কতিপয় উদাহরণ দিয়ে নিম্নে উল্লেখ করা হলো :-

- (ক) একজন গ্রাহক তিন (০৩) বছর মেয়াদী খোলা স্কীম হিসাবের ক্ষেত্রে এক (০১) বছর পূর্ণ হওয়ার পর মেয়াদপূর্তির পূর্বে অর্থাৎ তিন (০৩) বছর পূর্ণ হওয়ার পূর্বে হিসাব বন্ধ/ নগদায়ন করলে সঞ্চয়ী হিসাবে প্রচলিত সুদহারে মুনাফা প্রদান করা হবে;
- (খ) আবার একজন গ্রাহক পাঁচ (০৫) বছর মেয়াদে হিসাব খুলে মেয়াদপূর্তির পূর্বে অর্থাৎ ৪ বছর ৫ মাস পরে স্কীম হিসাবটি বন্ধ/ নগদায়ন করতে চাইলে এই স্কীমের পূর্ববর্তী মেয়াদ ৩ বছরের জন্য প্রযোজ্য পূর্ণ সুদ (৩ নং ক্রমিকে উল্লেখিত সংশ্লিষ্ট মেয়াদের জন্য প্রযোজ্য সুদহার) এবং অবশিষ্ট ১ বছর ৫ মাসের জন্য সঞ্চয়ী হিসাবে প্রচলিত সুদহারে মুনাফা প্রাপ্য হবেন;
- (গ) আবার একজন গ্রাহক ০৭ বছরের মেয়াদে হিসাব খুলে মেয়াদপূর্তির পূর্বে অর্থাৎ ৫ বছর ১১ মাস পরে স্কীম হিসাবটি বন্ধ/ নগদায়ন করতে চাইলে এই স্কীমের পূর্ববর্তী মেয়াদ ৫ বছরের জন্য প্রযোজ্য পূর্ণ সুদ (৩ নং ক্রমিকে উল্লেখিত সংশ্লিষ্ট মেয়াদের জন্য প্রযোজ্য সুদহার) এবং অবশিষ্ট ১১ মাসের জন্য সঞ্চয়ী হিসাবে প্রচলিত সুদহারে মুনাফা প্রাপ্য হবেন। আবার ৪ বছর ২ মাস পরে স্কীম হিসাবটি বন্ধ/ নগদায়ন করতে চাইলে এই স্কীমের পূর্ববর্তী মেয়াদ ৩ বছরের জন্য প্রযোজ্য পূর্ণ সুদ (৩ নং ক্রমিকে উল্লেখিত সংশ্লিষ্ট মেয়াদের জন্য প্রযোজ্য সুদহার) এবং অবশিষ্ট ১ বছর ২ মাসের জন্য সঞ্চয়ী হিসাবে প্রচলিত সুদহারে মুনাফা প্রাপ্য হবেন;
- (ঘ) আবার একজন গ্রাহক ১০ বছরের মেয়াদে হিসাব খুলে মেয়াদপূর্তির পূর্বে অর্থাৎ ৮ বছর ৩ মাস পরে স্কীম হিসাবটি বন্ধ/ নগদায়ন করতে চাইলে এই স্কীমের পূর্ববর্তী মেয়াদ ৭ বছরের জন্য প্রযোজ্য পূর্ণ সুদ (৩ নং ক্রমিকে উল্লেখিত সংশ্লিষ্ট মেয়াদের জন্য প্রযোজ্য সুদহার) এবং অবশিষ্ট ১ বছর ৩ মাসের জন্য সঞ্চয়ী হিসাবে প্রচলিত সুদহারে মুনাফা প্রাপ্য হবেন। আবার একই মেয়াদে একজন ৪ বছর ৩ মাস পরে স্কীম হিসাবটি বন্ধ/ নগদায়ন করতে চাইলে এই স্কীমের পূর্ববর্তী মেয়াদ ৩ বছরের জন্য পূর্ণ সুদ (৩ নং ক্রমিকে উল্লেখিত সংশ্লিষ্ট মেয়াদের জন্য প্রযোজ্য সুদহার) এবং অবশিষ্ট ১ বছর ৩ মাসের জন্য সঞ্চয়ী হিসাবের ন্যায় সুদহারে মুনাফা প্রাপ্য হবেন।

এছাড়া এই স্কীমের আওতায় যেকোন মেয়াদে খোলা অর্থাৎ ৩ (তিন), ৫ (পাঁচ), ৭ (সাত) ও দশ (১০) বছর মেয়াদপূর্তির পর স্কীম হিসাবটি নগদায়ন করা না হলে পরবর্তী সময়ের জন্য সর্বশেষ স্থিতি ওপর সর্বোচ্চ ০১ (এক) বছর সময় পর্যন্ত প্রচলিত সঞ্চয়ী হিসাবের সুদের হার প্রযোজ্য হবেন।

বিষয় : “জনতা ব্যাংক স্মার্ট একাউন্ট” হিসাব পরিচালনা সংক্রান্ত হিসাবধারীকে জ্ঞাতব্য নিয়মাবলি।

৯.০ মেয়াদ উত্তীর্ণের আগে হিসাবধারীর মৃত্যু হলে :

- ৯.১ হিসাবধারীর মৃত্যু হলে স্কীম হিসাবটি বন্ধ হবে এবং উক্ত হিসাবের বিপরীতে যদি কোন ঋণ থাকে তা সমন্বয় করতে হবে। তবে স্কীম হিসাবে হিসাবধারীর মৃত্যুর তারিখ পর্যন্ত ৩ নং ক্রমিকে উল্লিখিত সুদহারে (আসল+সুদ) সকল কর্তনপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদেয় হবে। অর্থাৎ হিসাবধারীর মৃত্যু হলে মৃত্যুর তারিখে হিসাব বন্ধ করার ক্ষেত্রে উক্ত তারিখ মেয়াদপূর্তির পূর্বে হলেও তার হিসাবে জমাকৃত (ক্রমিক নং ৩ অনুযায়ী) সমুদয় অর্থ প্রাপ্য হবে। এখানে ক্রমিক নং ৮ প্রযোজ্য হবে না। এক্ষেত্রে স্কীম হিসাবের সমুদয় অর্থ গ্রহণের জন্য নমিনির নামে অত্র ব্যাংকে যদি কোন চলতি/ সঞ্চয়ী হিসাব না থাকে সেক্ষেত্রে নমিনিকে নিজ নামে চলতি/ সঞ্চয়ী হিসাব খুলতে হবে;
- ৯.২ হিসাবধারীর মৃত্যুর পর নমিনি ইচ্ছে করলে মেয়াদপূর্তি পর্যন্ত হিসাবটি পরিচালনা করতে পারবেন। তবে সেক্ষেত্রে :

- স্কীম হিসাবধারী ব্যক্তির স্বামী/ স্ত্রী/ সন্তান নমিনি হলেই কেবলমাত্র এ বিশেষ সুবিধা প্রাপ্য হবেন;
- উক্ত স্কীম হিসাবের বিপরীতে ঋণ থাকলে এ সুবিধা প্রযোজ্য হবে না।

এ সুবিধা গ্রহণের জন্য নমিনির লিখিত আবেদনসহ যথাশীঘ্র সম্ভব ৯.৪ অনুচ্ছেদ বর্ণিত সকল কাগজপত্র জমা দিতে হবে। শাখা কর্তৃক সকল কাগজপত্রাদির সঠিকতা নিশ্চিতকরণপূর্বক স্কীম হিসাবটি মেয়াদপূর্তি পর্যন্ত চালু রাখা যাবে। উল্লেখ্য, হিসাবধারীর মৃত্যুর তারিখ হতে সমন্বয় হওয়া পর্যন্ত স্কীম হিসাবে ঐ সময়ের জন্য ক্রমিক নং ৩.০ এর ন্যায় সুদ প্রদান করা হবে।

৯.৩ হিসাবধারীর মৃত্যু হলে নমিনি কর্তৃক শাখাকে বিষয়টি যথাশীঘ্র অবহিত করতে হবে;

৯.৪ নমিনিকে হিসাব হতে পাওনা পরিশোধের ক্ষেত্রে নিম্নোক্ত তথ্য দলিলাদি উপস্থাপন করতে হবে :

- (ক) নমিনি/ আইনানুগ অভিভাবকের (নাবালক/ নাবালিকার ক্ষেত্রে) আবেদনপত্র;
- (খ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হিসাবধারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র অথবা মৃত্যু নিবন্ধনের প্রমাণক;
- (গ) নমিনি/ আইনানুগ অভিভাবকের (নাবালক/ নাবালিকার ক্ষেত্রে) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
- (ঘ) নমিনি/ আইনানুগ অভিভাবকের (নাবালক/ নাবালিকার ক্ষেত্রে) জাতীয় পরিচয়পত্র/ পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি;
- (ঙ) ভবিষ্যতে কোন জটিলতা বা সমস্যার উদ্ভব হলে তা সমাধানের জন্য নমিনি/ আইনানুগ অভিভাবক (নাবালক/ নাবালিকার ক্ষেত্রে) কর্তৃক ব্যাংকের অনুকূলে ইনডেমনিটি বন্ড সম্পাদন;
- (চ) নমিনির পরিচয় যাচাইয়ের জন্য ছবি ও স্বাক্ষর সত্যায়নপূর্বক স্থানীয় চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

১০.০ বিশেষ শর্তাদি :

- ১০.১ হিসাবের মেয়াদ কোনভাবেই পরিবর্তন করা যাবে না তবে মেয়াদ উত্তীর্ণের পূর্বে ৮ নং ক্রমিকে উল্লিখিত নিয়ম অনুযায়ী হিসাব বন্ধ করা যাবে;
- ১০.২ হিসাব খোলার ফরম এ গ্রাহকের পরিবারের এক বা একাধিক সদস্য/ আপনজনের স্থায়ী/ বর্তমান পূর্ণ ঠিকানা, যোগাযোগের জন্য মোবাইল নম্বর সংরক্ষণ করতে হবে;
- ১০.৩ বাংলাদেশ সরকার কর্তৃক বর্তমান উৎসে কর, আবগারি শুল্কসহ অন্যান্য আদায়যোগ্য সরকারি পাওনা কর্তন করা হবে এবং এর ধাপ/ হার পরিবর্তন হলে পরিবর্তিত ধাপ/ হার অনুযায়ী তা আদায়যোগ্য হবে;
- ১০.৪ স্কীম এর সার্কুলারের প্রাসঙ্গিক সকল বিষয়ে বাংলাদেশ সরকার, বাংলাদেশ ব্যাংক এবং অত্র ব্যাংক কর্তৃক জারিকৃত সমসাময়িক সার্কুলার/ বিধিমালা/ প্রণীত নীতিমালা অনুসৃত হবে;
- ১০.৫ যদি হিসাব খোলা, হিসাবে সুদারোপ, হিসাববন্ধকরণ এবং বিজ্ঞপ্তির অন্য যেকোন সমস্যা বা জটিলতার উদ্ভব হয় সেক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

“জনতা ব্যাংক স্মার্ট একাউন্ট” এ বর্ণিত সকল শর্তাধীনে আমি নিম্নস্বাক্ষরকারী অত্র শাখায় হিসাব খুললাম।

হিসাবধারীর নাম:

স্বাক্ষর ও তারিখ:

“জনতা ব্যাংক স্মার্ট একাউন্ট (জেবিএসএ) হিসাব নং:

শাখার নাম:

(হিসাবধারী নাবালক হলে পিতা/ মাতা/ অভিভাবকের স্বাক্ষর গ্রহণ করতে হবে। হিসাবধারী কর্তৃক স্বাক্ষরিত কপি শাখায় Account Opening Application Form এর সাথে সংরক্ষণ করতে হবে এবং এক কপি হিসাবধারীকে প্রদান করতে হবে।)

